

# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- দ্বিতীয়

বিষয়- ক্রিয়া পদ

(বিশেষ্য ও সর্বনাম পদের হওয়া, থাকা বোঝায় এমন শব্দ)

১. ময়ূর, সে, বইটি, কলকাতা, তুমি, আছে, হয়, আমি, রমা, হও, হই, তার।

ক) উপরের শব্দ গুলি থেকে বিশেষ্য পদ কোন গুলি খুঁজে বের করো এবং কেন বলবে?

উঃ- ময়ূর, বইটি, কলকাতা, রমা এগুলি বিশেষ্য পদ। কারণ ময়ূর একটি পাখির নাম, বইটি একটি জিনিসের নাম, কলকাতা একটি জায়গার নাম, রমা একটি মেয়ের নাম। এগুলি নাম বোঝায় এমন শব্দ।

খ) উপরের শব্দ গুলি থেকে সর্বনাম পদ খুঁজে বের করো এবং কেন বলবে?

উঃ- সে, তুমি, আমি, তার এগুলি সর্বনাম পদ কারণ এগুলি নামের পরিবর্তে বসে এমন শব্দ।

গ) তাহলে এখন বিশেষ্য ও সর্বনাম পদ ছাড়া আর কোন কোন শব্দ পরে রইল?

উঃ আছে, হয়, হও, হই।

ঘ) এবার উপরের বিশেষ্য ও সর্বনাম পদের সাথে এই শব্দ গুলি মিলিয়ে লেখো:-

ময়ূর

বইটি      হয়

কলকাতা      হও

রমা      হই

সে      আছে

তুমি

আমি

তার

উঃ- ময়ূর হয়, বইটি হয়, কলকাতা হয়, রমা হয়, সে হয়, তুমি হও, আমি হই, তার আছে।

ঙ) বাক্য সম্পূর্ণ করো:-

১. ময়ূর হয় আমাদের জাতীয় পাখি।

২. বইটি হয় নতুন।

৩.কলকাতা হয় একটি বড়ো শহর।

৪.সে হয় লম্বা।

৫.আমি হই ভালো মেয়ে।

৬.তুমি হও আমার বন্ধু।

৭.তার দুটি হাত আছে।

চ) তাহলে এখন উপরের বাক্যগুলিতে কোন কোন শব্দ বিশেষ্য ও সর্বনাম পদের হওয়া বোঝাচ্ছে?

উঃ- হয়, হও, হই।

এগুলি বিশেষ্য ও সর্বনাম পদের পরে বসে। কিন্তু বাংলা বাক্যে উহ্য থাকে।

ছ) তাহলে এখন উপরের বাক্যগুলি থেকে কোন শব্দটি বিশেষ্য ও সর্বনাম পদের থাকা বোঝাচ্ছে?

উঃ- আছে। ইহা সর্বদা বাক্যের শেষে বসে। তাই তার আছে দুটি হাত না হয়ে, তার দুটি হাত আছে হবে।

জ) হওয়া বোঝায় এমন শব্দ - হয়, হও, হই।

জ) থাকা বোঝায় এমন শব্দ- আছে।

\*\*\*\* আমটি টক। হওয়া বোঝায় এমন শব্দ খুঁজে বের করো।( নিজে লেখো)

**বিঃদ্রঃ**

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি- দ্বিতীয়

### বিষয়- বাংলা( ক্রিয়া পদ)

(বিশেষ্য ও সর্বনাম পদের হওয়া, থাকা, কাজ করা বোঝায় এমন শব্দ)

১. পাখি, আমরা, পদ্ম, হয়, পড়ি, আছে, মাঝি, হও, তোমরা, ওড়ে, খেলে, ফোটে, চালায়, রাজা, যাও

ক) উপরের শব্দ গুলি থেকে বিশেষ্য পদ (নাম বোঝায় এমন শব্দ) খুঁজে লেখো।

উঃ- পাখি, পদ্ম, মাঝি, রাজা।

খ) উপরের শব্দ গুলি থেকে সর্বনাম পদ (নামের পরিবর্তে বসে এমন শব্দ) খুঁজে লেখো।

উঃ- আমরা, তোমরা।

গ) উপরের শব্দ গুলি থেকে হওয়া বোঝায় এমন শব্দ কোনগুলি খুঁজে লেখো।

উঃ হয়, হও।

ঘ) উপরের শব্দ গুলি থেকে থাকা বোঝায় এমন শব্দ কোনটি খুঁজে লেখো।

উঃ আছে।

ঙ) এবার বিশেষ্য পদ, সর্বনাম পদ, হওয়া বোঝায় এমন শব্দ, থাকা বোঝায় এমন শব্দ ছাড়া আর কোন কোন শব্দ রইল?

উঃ- পড়ি, খেলে, ওড়ে, ফোটে, চালায়, যাও।

২. এবার বিশেষ্য ও সর্বনাম পদের সাথে উপরের শব্দ গুলি মিলিয়ে লেখো:-

পাখি পড়ি

পদ্ম খেলে

মাঝি যাও

রাজা ওড়ে

আমরা ফোটে

তোমরা চালায়

উঃ পাখি ওড়ে, পদ্ম ফোটে, মাঝি চালায়, রাজা খেলে, আমরা পড়ি, তোমরা যাও।

৩.বাক্যে প্রয়োগ করো:- (নিজ সক্ষমতায়)

(নমুনা)

ক) পাখি আকাশে ওড়ে।

খ) পদ্ম দিনের বেলায় ফোটে।

গ) মাঝি নৌকা চালায়।

ঘ)রাজা ফুটবল খেলে।

ঙ ) আমরা বই পড়ি।

চ) তোমরা বিদ্যালয়ে যাও।

৩.ওড়ে, ফোটে, চালায়, খেলে, পড়ি, যাও\_ এই শব্দ গুলি বাক্যের কোথায় বসেছে?

উঃ-শেষে।

৪..তুমি সারাদিন কী কী কাজ করো?

উঃ খাই, পড়ি,লিখি,খেলা ইত্যাদি করি।

৫..তাহলে ওড়ে, ফোটে, চালায়, খেলে, পড়ি, যাও,খাই, লিখি,খেলা ইত্যাদি শব্দ গুলি বিশেষ্য ও সর্বনাম পদের কী করা বোঝাচ্ছে?

উঃ কাজ করা।

৬.যে পদ বিশেষ্য ও সর্বনাম পদের হওয়া, থাকা,, কাজ করা বোঝায় তাকে কী বলে?

উঃ ক্রিয়াপদ।

৭.তাহলে কোন পদ ছাড়া বাক্য সম্পূর্ণ হয় না?

উঃ ক্রিয়াপদ।

\*\*\*উপযুক্ত ক্রিয়া পদ বসো :- (নিজ সক্ষমতায়)

শিক্ষিকা আমাদের \_\_\_\_\_।

**বিঃদ্রঃ**

➤ ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য  
Comment Box- এ পাঠাও।

- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SRF